রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৮, ২০২২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/ ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৮২-আইন/২০২২।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত ‘বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর’ শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্বখাতে স্থানান্তরিত জনবলের চাকরি নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **‘‘কমিশন’’** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **‘‘তফসিল’’** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **‘‘নিয়মিতকরণ’’** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত প্রকল্পের কোনো কর্মচারীর চাকরি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(ঘ) **‘‘নিয়োগকারী কর্তৃপক্ষ’’** অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;


মূল্য : টাকা ৪.০০

(ঙ) **''প্রকল্প''** অর্থ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের 'বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর' শীর্ষক প্রকল্প;

(চ) **''প্রকল্পের কর্মচারী''** অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;

(ছ) **''প্রকল্পের চাকরিকাল''** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকরিকাল;

(জ) **''রাজস্ব বাজেটের পদ''** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(ঝ) **''সাময়িকভাবে পদায়নকৃত''** অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাবে পদায়ন।

৩। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কোনো কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা:—

(ক) তফসিলে বর্ণিত রাজস্ব বাজেটের পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগের সময় সরকারের প্রচলিত নিয়োগ বিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগ বিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে; এবং

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরির ধারাবাহিকতা থাকিলে এবং চাকরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারী অবসর গ্রহণ করিলে অথবা অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা মৃত্যুবরণ করিলে, এবং তাহার চাকরি সন্তোষজনক হইলে, তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি বা অবসর গ্রহণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করিতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়মিতকরণ করিতে হইবে।

৪। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকরণকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করিতে হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরে গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, সংশ্লিষ্ট কর্মচারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময় নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকরণকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং এই বিধিমালার অধীন নিয়মিতকরণকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারী নিয়মিতকরণকৃত কর্মচারীর উপর জ্যেষ্ঠতা প্রাপ্ত হইবেন।

৫। **প্রকল্পের চাকরিকাল গণনা।**—নিয়মিতকরণকৃত কোনো কর্মচারীর বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাসমূহ নির্ধারণের ক্ষেত্রে তাহার প্রকল্পের চাকরিকাল গণনা করিতে হইবে।

**তফসিল**

**[বিধি-২ (খ) দ্রষ্টব্য]**

**প্রকল্প হইতে রাজস্ব বাজেটে জনবলসহ স্থানান্তরিত পদসমূহের নাম ও পদসংখ্যা:**

| প্রকল্পের নাম | প্রকল্পকাল | রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর প্রকল্প | আরম্ভ: মার্চ, ২০১০ খ্রি. সমাপ্ত: ডিসেম্বর, ২০১৭ খ্রি. | (১) সহকারী পশু চিকিৎসক | ১ (এক) |
| | | (২) ওয়াইল্ডলাইফ সুপারভাইজার | ২ (দুই) |
| | | (৩) কম্পিউটার অপারেটর | ১ (এক) |
| | | (৪) ল্যাব টেকনিশিয়ান | ২ (দুই) |
| | | (৫) কম্পাউন্ডার | ২ (দুই) |
| | | (৬) ওয়াইল্ডলাইফ স্কাউট | ২ (দুই) |
| | | (৭) এ্যানিমেল কিপার | ৬ (ছয়) |
| | | (৮) টেক্সিডার্মিস্ট | ১ (এক) |
| | | (৯) জুনিয়র ওয়াইল্ডলাইফ স্কাউট | ৯ (নয়) |
| | | (১০) মাহুত | ২ (দুই) |
| | | সর্বমোট = | ২৮ (আটাশ) |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd